১৫৭

তারিখ 18 MAY 199[illegible]
পৃষ্ঠা: ২ কলাম ৬

দৈনিক সংবাদ

জা: ন: বিশ্ববিদ্যালয়

# গণিত বিভাগের প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঃ পুরনো ভর্তি কমিটি বাতিল, নতুন কমিটি গঠন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ায় বিভাগীয় ভর্তি কমিটি বাতিল করা হয়েছে। এ কমিটির চেয়ারম্যান ছিলেন অধ্যাপক মকবুল হোসেন।

অধ্যাপক হুমায়ুন কবিরকে চেয়ারম্যান করে নতুন ভর্তি কমিটি গঠন করা হয়েছে। ৩ সদস্যবিশিষ্ট এ কমিটির অন্য দু'জন সদস্য হলেন ডঃ সৈয়দ সাব্বির আহমেদ এবং ডঃ আবদুল্লাহ–আল–কাফী মজুমদার।

## সরকার ও রাজনীতি বিভাগের বক্তব্য

এদিকে সরকার ও রাজনীতি বিভাগের সভাপতি ডঃ নাসিম আখতার হোসাইন স্বাক্ষরিত এক প্রতিবাদপত্রে বলা হয়েছে, জা: ন: বিশ্ববিদ্যালয়ের প্রশ্নপত্র ফাঁসের সংবাদে অহেতুকভাবে সরকার ও রাজনীতি বিভাগকে জড়ানো হয়েছে। ১৯৯২ সালে সরকার ও রাজনীতি বিভাগে ভর্তির প্রশ্নপত্র ফাঁস ও তদন্ত কমিটি গঠন সংক্রান্ত যে খবর ছাপা হয়েছে তা সত্য নয়।

## ত্রুটি সংশোধনী

গতকাল শনিবার 'সংবাদ'–এ প্রকাশিত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত খবরের শিরোনামে গণিত বিভাগের স্থলে ভূগোল বিভাগ ছাপা হয়েছে। এ অনিচ্ছাকৃত ত্রুটির জন্যে আমরা দুঃখিত।